# টেলিজিজ্ঞাসার ডেস্ক থেকে

সোশাল মার্কেটিং কোম্পানীর সৌজন্যে

**গোপন সমস্যার সমাধান খুঁজছেন? কাউকে বলতে দ্বিধা করছেন? একটি ফোন কল দিতে পারে আপনার সমাধান। কিন্তু তাতেও আছে অস্বস্তি। অপরিচিত একজনকে ফোন করে কিভাবে সমস্যার কথা বলবেন এই দ্বন্দ্ব কাজ করে তখন। এমন অবস্থায় পড়লে চিঠি লিখে আপনার সমস্যা জানান এই বিভাগে। টেলিজিজ্ঞাসা'র ডেস্ক থেকে বিশেষজ্ঞের সমাধান পেয়ে যাবেন...**

*- ২০০০, আমি তোমার একজন ভক্ত পাঠক। তোমার প্রত্যেকটি বিষয় আমার ভালো লাগে। বিশেষ করে টেলিজিজ্ঞাসার ডেস্ক থেকে। আমি মনে করি এই বিষয়টি থেকে অনেক কিছু শেখার ও জানার আছে। এই মহৎ উদ্যোগটার জন্য আমি সাপ্তাহিক ২০০০কে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি প্রায় ৫-৬ বছর ধরে মৈথুন করছি। কোনো কোনো সময় এটা সপ্তাহে দুই-তিন বার হয়ে যায়। গত ২-৩ বছর ধরে অঙ্গে ব্যথা রয়েছে। ব্যথা খুব বেশি নয় আবার একেবারে কমও নয়। মৈথুন বাদ দিলে ব্যথা কিছুটা কমে। কিন্তু পুরোপুরি ভালো হয় না। আমি খুব গরিব ঘরের ছেলে, যার ফলে ভালো ডাক্তার দেখানোর ক্ষমতা আমার নেই বললেই চলে। তাই বড় আশা করে তোমার শরণাপন্ন হলাম। ভবিষ্যতে আমার কি ধরনের সমস্যা হবার সম্ভাবনা রয়েছে এবং ব্যথাটা কিভাবে পুরোপুরি সারানো সম্ভব। দয়া করে এটা জানালে খুবই উপকৃত হবো। আমার বয়স বর্তমানে ২১ চলছে। আমি তোমারই পথ চেয়ে বসে রইলাম।*

**নাম প্রকাশে অনিচ্ছুক**

**টেলিজিজ্ঞাসার ডেস্ক থেকেঃ** মৈথুনের সঙ্গে ব্যথা হওয়ার কোনো সম্পর্ক নেই। তবে অতিরিক্ত জোরের সঙ্গে করলে ব্যথা হওয়ার সম্ভাবনা রয়েছে। আসলে এটা তো অন্যান্য অঙ্গের মতোই একটা অঙ্গ। এটা বরং আরো কোমল। কাজেই এ সময় সতর্কতা অবলম্বন করা দরকার। এটা ছাড়াও আরো অনেক কারণে ব্যথা করতে পারে। অনেক সময় শারীরিক অসুস্থতার জন্যও ব্যথা হতে পারে, তবে সে ক্ষেত্রে কোনো শারীরিক সমস্যা আছে কি না তা পরীক্ষা করে দেখার জন্য অবশ্যই বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শ নিতে হবে।

*- আমি বিবাহিতা। আমার বয়স ২২ বছর। ছয় মাস আগে আমি বিবাহ বন্ধনে আবদ্ধ হই। কিন্তু প্রথম থেকেই আমি মিলনে ভয় পেতে থাকি। বিয়ে হওয়ার প্রায় এক মাস পরে আমাদের প্রথম মিলন হয়। তবে আমি ঐ দিন খুব কষ্ট পাই। এরপর থেকে কখনো আমি মিলনে আনন্দ পাই না। আমার স্বামী যখন আমাকে আদর করে তখন মিলনে কিছুটা ইচ্ছা করে কিন্তু মিলনের মুহূর্তে প্রচন্ড ব্যথা পাই। বর্তমানে আমার স্বামী ওরালের মাধ্যমে আমাকে আনন্দ দেয়। এতে আমি আনন্দের চরম পর্যায়ে পৌঁছাই। কিন্তু এই পর্যন্ত মিলনে একবারও চরম আনন্দ পাইনি। ওরাল করতে আমার বার বার ইচ্ছা করে। কিন্তু স্বাভাবিক মিলন একেবারে ইচ্ছা করে না। এতে আমার স্বামী অনেকটা নাখোশ থাকে। ওরালে আনন্দ পেলেও ঐ মুহূর্তে পা শক্ত করতে হয় এবং পা খুব ব্যথা করে। উল্লেখিত সমস্যাগুলোর সমাধান দিলে খুবই উপকৃত হবো।*

**নাম প্রকাশে অনিচ্ছুক**

**টেলিজিজ্ঞাসার ডেস্ক থেকেঃ** মিলনের ক্ষেত্রে প্রথমে অবশ্যই যথাযথভাবে শৃঙ্গার করা প্রয়োজন। শৃঙ্গার ঠিকমতো করা হলে ব্যথাহীন ও আনন্দময় মিলন সম্ভব হয়। এর অন্যথা হলে ব্যথাযুক্ত মিলন হতে পারে। অনেক সময় অতীতে যদি কেউ নিপীড়নের শিকার হয় অথবা ব্যথাযুক্ত অভিজ্ঞতা অর্জন করে তাহলে পরবর্তীতে তার স্বাভাবিক জীবন বাধাগ্রস্ত হতে পারে। সাধারণত তিন কারণে নারীদের ব্যথাযুক্ত মিলন হয়ে থাকে। ১. কপারস ফ্লুইড বা রসের নিঃসরন না হওয়া, ২. অঙ্গের পেশিগুলো শক্ত হয়ে যাওয়া ও ৩. অঙ্গের ভেতর পেশির অনিচ্ছাকৃত সংকোচন/প্রসারণ। উপরোক্ত আলোচনা থেকে আপনার সমস্যার ক্ষেত্রে আপনি সম্ভবত কিছুটা ধারণা পেয়ে থাকবেন। সেক্ষেত্রে সমস্যার সঠিক কারণ চিহ্নিত করে জোরালো মানসিক শক্তি ও সঙ্গীর সহযোগিতার মাধ্যমে সমস্যা থেকে মুক্তি পাওয়ার চেষ্টা করা যেতে পারে। আর এর মাধ্যমে সমাধান না পেলে একজন বিশেষজ্ঞ ডাক্তারের সহযোগিতা নেয়ার জন্য পরামর্শ দেয়া হলো।

*- আমি একজন ছাত্র। বর্তমানে এইচএসসি দ্বিতীয় বর্ষের ছাত্র। আমার বয়স ২১ বছর। যখন আমি যৌবনে পদার্পণ করি তখন থেকে আমি লক্ষ্য করেছি যে, বিশেষ করে আমি যখন রাতে ঘুমাই তখন মাঝে মাঝে মধ্য রাতে আমার ঘুম ভেঙে যায়, তখন মিলনের দৃশ্য আমার চোখের সামনে ভেসে ওঠে। তখন আমি মৈথুনে লিপ্ত হই। সে সময় আমার প্রচুর বীর্যপাত ঘটে। এভাবে সপ্তাহে দুইবার বা তিনবার হয়। এখন গত এক মাস যাবৎ এই সমস্যা আর দেখা দেয় না। এখন আমার প্রশ্ন হলো-*

*১. বিগত আচরণের জন্য আমার ভবিষ্যৎ জীবনে বা বিয়ে করার পর কোনো সমস্যার সম্মুখীন হবো কি না জানালে উপকৃত হবো।*

*২.আর যদি সমস্যা হয় তার প্রতিকারটুকু বললে উপকৃত হবো।*

**নাম প্রকাশে অনিচ্ছুক, পূর্ব বাকলিয়া, চট্টগ্রাম**

**টেলিজিজ্ঞাসার ডেস্ক থেকেঃ** আপনার লেখা থেকে কোনো সমস্যা পাওয়া গেল না। সম্ভবত আপনি ধারণা করছেন, মৈথুন আপনার ভবিষ্যৎ জীবনকে কোনোভাবে ক্ষতিগ্রস্ত করবে কি না। কিন্তু প্রকৃত পক্ষে এরকম ভাবার কোনো কারণ নেই। আপনি কোথাও লেখেননি যে আপনার কোনো শারীরিক সমস্যা হয়েছে কি না। যদি হতো সেক্ষেত্রে আপনাকে পরামর্শ দেয়া যেত। সপ্তাহে বা মাসে কতবার স্বপ্ন দেখা স্বাভাবিক। এ বিষয়ে সুনির্দিষ্ট কোনো মাত্রা নেই। সাধারণভাবে পুরুষের বীর্যথলি ভরে গেলে স্বপ্নের মাধ্যমে বেরিয়ে পড়তে পারে। তবে অতিরিক্ত মাত্রায় চিন্তা অধিক স্বপ্নের আংশিক কারণ হতে পারে। মনে রাখা দরকার, স্বপ্ন কোনোভাবে শারীরিক ক্ষতি করে না। এক্ষেত্রে মানসিক দুশ্চিন্তাটাই ক্ষতিকর, কাজেই মন থেকে দুশ্চিন্তা বা অপরাধবোধটুকু ঝেড়ে ফেলতে পরামর্শ দেয়া হলো।

## ঘোষণা

সাপ্তাহিক ২০০০-এ চিঠির মাধ্যমে শারীরিক বা যৌন সমস্যা, যৌনবাহিত রোগ কিংবা এইডস সম্পর্কিত প্রশ্নের জবাব দেয়া হয়। বিশেষজ্ঞের মতামত হয়তো পাল্টে দিতে পারে আপনার জীবনকে। 'টেলিজিজ্ঞাসার ডেস্ক থেকে' বিভাগে লিখুন। নাম ঠিকানা না উল্লেখ করলেও চলবে। ছদ্মনামেও লিখতে পারেন। তবে আপনার যে কোনো সমস্যা খোলাখুলিভাবে লিখুন তাহলে সঠিক পরামর্শ দেয়া সহজ হবে। চিঠি পাঠাবার ঠিকানা:

**'টেলিজিজ্ঞাসার ডেস্ক থেকে'**
**সাপ্তাহিক ২০০০**
**৯৬/৯৭, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০**



এইচআইভি/ মুক্ত এবং অন্যান্য যৌনবাহিত রোগ সম্পর্কে আরো জানতে চাইলে নির্দ্বিধায় ফোন করুন- টেলিজিজ্ঞাসা:
টেলিফোন নং: **মহিলাদের জন্য ৮৮১১৪৭৫, পুরুষদের জন্য ৮৮১২৬৭০**
রবিবার থেকে বৃহস্পতিবার, সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত